

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-২ শাখা
www.mole.gov.bd

০৩ শ্রাবণ ১৪৩১

স্মারক নং-৪০.০১০.০৩৮.০১.০০.০৫১.২০১০-২৫১

তারিখ: ১৮ জুলাই ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: সাইকুল ইসলাম উপপরিচালক শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকার বিরুদ্ধে বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন প্রাইভেট টিভি চ্যানেল আরটিভি'র সাংবাদিক কর্তৃক গোপন অনুসন্ধানের একটি ভিডিও ক্লিপ এবং একটি অডিও ক্লিপ পাওয়া গেছে। অডিও এবং ভিডিও ক্লিপ বিশ্লেষণে দাপ্তরিক কার্য সম্পাদনের বিনিময়ে সেবা গ্রাহকের সাথে অবৈধ আর্থিক লেনদেনের বিষয়ে আলাপরত এবং অর্থ গ্রহণের প্রাথমিক সত্যতা দৃশ্যমান যা নৈতিক শৃঙ্খলাভঙ্গের সামিল। তার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ২ এর (খ) এবং ৩ এর (খ ও ঘ) উপবিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০২। যেহেতু, উক্ত অভিযোগের বিষয়ে তাকে কারণ দর্শানোর নোটিশ দেয়া হলে তিনি যে জবাব দাখিল করেছেন তা সন্তোষজনক বিবেচিত হয়নি।

০৩। সেহেতু, শ্রম অধিদপ্তরের প্রধান কার্যালয়ের উপপরিচালক জনাব মো: সাইকুল ইসলামকে 'সরকারি চাকরি আইন, ২০১৮' এর ধারা ৩৯(১) এবং 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, -২০১৮' এর বিধি-১২(১) অনুযায়ী ১৮-০৭-২০২৪ তারিখ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০৪। সাময়িক বরখাস্তকালীন তিনি বিএসআর পার্ট-১ ৭১ বিধি ও এফ আর-৫৩(বি) বিধি মোতাবেক খোরাকি ভাতাসহ আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

০৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মো: মাহবুব হোসেন)
সচিব

জনাব মো: সাইকুল ইসলাম
উপপরিচালক
শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩ শ্রাবণ ১৪৩১

স্মারক নং- ৪০.০১০.০৩৮.০১.০০.০৫১.২০১০-২৫১/১(১১)

তারিখ: ১৮ জুলাই ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, বিজয় নগর, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিব-এর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা।
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১০. যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১. অফিস কপি/গার্ড ফাইল।

(মো: মাহবুব হোসেন)
সচিব